

(প্রেস বিজ্ঞপ্তি)

০৪ মে' ২০২৪খ্রি.

শিশুদের মনোবিকাশে প্রয়োজন সংস্কৃতি চর্চা: মেয়র রেজাউল

সংস্কৃতি চর্চা শিশুদের মনোবিকাশ ঘটিয়ে তাদের প্রকৃত মানবিক মূল্যবোধসম্পন্ন মানুষে পরিণত করে বলে মন্তব্য করেছেন চট্টগ্রাম সিটি মেয়র (প্রতিমন্ত্রী) বীর মুক্তিযোদ্ধা মোঃ রেজাউল করিম চৌধুরী।

শনিবার বাকলিয়া উচ্চ বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠান ২০২৪ বিদ্যালয় প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মেয়র বলেন, আমি চাই শিক্ষার্থীরা ক্রীড়া, বিতর্ক ও সংস্কৃতি চর্চার মাধ্যমে এগিয়ে যাক। পশুর ঘরে জন্ম নিলেই পশু হয় কিন্তু মানুষের ঘরে জন্ম নিলে প্রকৃত মানুষ হতে হলে প্রয়োজন সংস্কৃতি চর্চা। সংস্কৃতিহীন মানুষ শিকড়হীন মানুষ, আত্মানুসন্ধান মানুষ। তাই, অভিভাবক ও শিক্ষকদের প্রতি আহ্বান শিক্ষার্থীদের সংস্কৃতি চর্চার সুযোগ নিশ্চিত করার। এসময় মেয়র বাকলিয়া উচ্চ বিদ্যালয়ের ৪জন শিক্ষার্থীর মেডিকেল ভর্তি পরীক্ষায় সুযোগলাভসহ বিভিন্ন একাডেমিক সাফল্যের ভূয়সী প্রশংসা করেন।

আনোয়ার হোসেন বাবুলের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সাবেক সংসদ সদস্য নোমান আল মাহামুদ, ড.বিপ্লব গাঙ্গুলী, কাউন্সিলর এম.আশরাফুল আলম, জয়ন্ত বাউড়, সাংবাদিক কলিম সরওয়ার, প্রধান শিক্ষক জাকের হোসেন, চসিকের প্রধান প্রকৌশলী শাহিনুল ইসলাম, গোলাম ফোরকান, নজরুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী তাসমিয়া তাহাসিন, সহকারী প্রকৌশলী মাহমুদ সাফকাত, মোঃ হোসেন, ডাঃ সেলিম গীর, নুরুল আমীন, আবদুল হাই খোকন এবং রাশেদ সরওয়ার।

৬নং পূর্ব ষোলশহর ওয়ার্ডের সড়ক নির্মাণের উদ্বোধন

৬নং পূর্ব ষোলশহর ওয়ার্ডে শনিবার মোজাহের উল্লাহ মুহুরী বাড়ী, হাজী সিদ্দিক আহমেদ বাদামতল রোড এবং লেইন বাই লেইন, ডিসি কামাল বাড়ী, খালাসী পুকুর পাড় এবং লেইন বাই লেইন, মোহাম্মদ মিয়া কন্ট্রাক্ট বাড়ী রোড এবং লেইন বাই লেইন, মুক্তিযোদ্ধা আইয়ুব বাড়ী রোড, থানা রোড, আহমেদ হোসাইন কন্ট্রাক্টর বাড়ী, খাজা রোড এবং লেইন বাই লেইন এবং সাদেক শাহ মাজার রোড এবং লেইন বাই লেইনের উদ্বোধন করেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মোঃ রেজাউল করিম চৌধুরী। এসময় উপস্থিত ছিলেন কাউন্সিলর এম আশরাফুল আলম, নির্বাহী প্রকৌশলী তাসমিয়া তাহাসিন, সহকারী প্রকৌশলী মাহমুদ সাফকাত প্রমুখ।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮